



## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ০৮ জুলাই, ২০১৯

### প্রেস বিজ্ঞপ্তি

আজ ৮ জুলাই, ২০১৯ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ সকাল ৯.৩০ টায় ইনস্টিটিউশনাল কোয়ালিটি এশিওরেন্স(আইকিউএসি) সেল কর্তৃক আয়োজিত দিনব্যাপী “ওয়ার্কশপ অন গুড গভর্নেন্স : অফিসিয়াল এন্ড ফিন্যান্সিয়াল মেনেজমেন্ট” শীর্ষক কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ আয়োজনে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন, বিশ্ববিদ্যালয়ে কর্মরত সকলের কর্মদক্ষতা বৃদ্ধিতে বিশ্ববিদ্যালয় প্রশাসন সদা তৎপর। বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবেলায় বিশ্ববিদ্যালয়ের জনসম্পদকে তৈরি করার লক্ষ্যে এবং বিশ্ববিদ্যালয়ের বিশাল উন্নয়ন প্রকল্পের কাজ সুচারু ভাবে সম্পন্ন করার জন্য প্রশিক্ষণের বিকল্প নেই। অল্প কিছু দিনের মধ্যে অনেকগুলো প্রকল্পের কাজ শুরু হবে এবং এক হাজার কোটি টাকার প্রকল্প প্রস্তাবনা অনুমোদনের অপেক্ষায় রয়েছে।

আইকিউএসির পরিচালক প্রফেসর ড. আশরাফুল ইসলামের সভাপতিত্বে এবং প্রফেসর মোহাম্মদ আনোয়ার হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন, হিসাব পরিচালক জনাব আ.ন.ম জয়নাল আবেদিন, হিসাব দপ্তরের অতিরিক্ত পরিচালক জনাব শেখ আবুল হাসান।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার